



Vanessa Rosa, Principal  
Leah Murray, Assistant Principal

**Public School 169**  
**Bay Terrace School**

18-25 212 Street  
Bayside, NY 11360-1595  
Phone: 718-428-6160  
Fax: 718-224-1013

প্রিয় P.S. 169 কমিউনিটি,

গত মাসে, P.S. 169-এর শিক্ষানির্দেশনার নেতৃত্বদানকারী দল "স্টেট অভ দ্যা স্কুল (স্কুলের অবস্থা)" দিবস পালন করার মাধ্যমে 2020 শুরু করার একটি সুবর্ণ সুযোগ পেয়েছেন। আমাদের দিবস চলাকালে, আমাদের স্কুলের অগ্রাধিকারের ক্ষেত্র - "উৎকৃষ্ট আলোচনার মাধ্যমে বিশ্লেষণমূলক চিন্তা লালন করা" - এই লেঙ্গ দিয়ে P.S. 169-এর প্রতিটি ক্লাসরুম পরিদর্শন করেছে এবং চমৎকার বিষয়সমূহ দেখেছি এবং শুনেছি। এছাড়াও আমরা শিক্ষার্থীদের ফোকাস গ্রুপ পরিচালনা করেছে, যা আমাদের শিক্ষার্থীদের কাছ থেকে সরাসরি P.S. 169-এ তাদের শিক্ষাগত, এবং সামাজিক মানসিক অভিজ্ঞতা সম্পর্কে শোনার সুযোগ দিয়েছে। আমাদের স্টাফগণ তাদের ক্লাসরুম উন্মুক্ত করে দেয়ার জন্যে এবং আমাদের শিক্ষার্থীদের গ্রহণক্ষম এই দিনটিকে সফল করেছে; এবং সেজন্যে আমরা কৃতজ্ঞ।

যখন আমরা শিক্ষার্থী হিসেবে অব্যাহতভাবে বিকশিত হওয়ার চেষ্টা করছি, আমাদের স্কুলের সকল ক্লাসরুমজুড়ে যেসব সম্ভাবনাময় চর্চাগুলো বর্তমানে হচ্ছে সেগুলো উদযাপনে আমরা কিছু সময় নিতে চাই। উদযাপনের কিছু ক্ষেত্র যেগুলো আমরা স্বীকৃতি দিতে চাই, সেগুলো হচ্ছে:

- প্রতিটি লেসনের অংশ হিসেবে শিক্ষার্থীরা বলা এবং শোনা সম্পৃক্ত হয়েছে।
- শিক্ষকগণ শেখার অর্পিত কাজগুলো এমনভাবে ডিজাইন করেছেন যা শিক্ষার্থীদের আলোচনায় সম্পৃক্ত হওয়ার সুযোগ দেয়, যা যথাযথ গতি অনুযায়ী শিক্ষানির্দেশনার মাধ্যমে বিশ্লেষণমূলক চিন্তা লালন করে, এবং যেটা ফলশ্রুতিতে প্রথমে মৌলিক ধারণা তৈরি করে, ও এরপর শিক্ষার্থীদের মতামতে উপনীত হতে সহায়তা করে।
- যেসব উপকরণ ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) এবং স্পেশাল এডুকেশনের শিক্ষার্থীদের সহ, **সকল** শিক্ষার্থীদের মৌখিক ভাষার কর্মকাণ্ডে সহায়তা করে সেগুলো প্রদান করা হয়েছে।

আমাদের স্কুল জুড়ে উৎকৃষ্ট আলোচনা গড়ে তোলা অব্যাহত রাখার পরবর্তী পদক্ষেপ হিসেবে, সকল গ্রেডের সকল শিক্ষার্থীর সকল শিক্ষা বিষয়ের জন্যে সামঞ্জস্য এবং সুসঙ্গতি নিশ্চিত করতে আমরা নিয়ম-নীতি এবং পদ্ধতি প্রবর্তন করতে কাজ করবো। উদাহরণস্বরূপ, সকল ক্লাসরুমজুড়ে ইশারায় কথা বলা বাস্তবায়ন করা। যখন শিক্ষার্থীরা একজন সহপাঠি অথবা ক্লাসের সাথে তার চিন্তা-ভাবনা শেয়ার করছে না, তখন যোগাযোগ রক্ষা করার জন্যে শিক্ষার্থীরা এই হাতের ইশারাগুলো ব্যবহার করবে। এই ইশারাগুলো তাদের "কঠ" প্রদান করবে যা "শোনা" যাবে, এবং তাদের সম্পৃক্ততা বাড়াবে এবং অন্যদের শেখা ব্যাহত করবে না। অতিরিক্তভাবে, পরবর্তী প্রজন্মের মানের সাথে সামঞ্জস্য রেখে আমরা আমাদের লিসেনিং এবং স্পিকিং-এর ধারাবাহিকতা পুনঃমূল্যায়ন করেছে। প্রতিটি গ্রেডের জন্যে উন্নয়নশীল উপযুক্ত লিসেনিং এবং স্পিকিং প্রত্যাশা সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা শিক্ষক এবং শিক্ষার্থীদের প্রদানের মাধ্যমে এই ধারাবাহিকতা সহায়তা করে। আমরা আপনার দেখার জন্যে নিরবে কথা বলার হাতের ইশারাসমূহ এবং লিসেনিং ও স্পিকিং ধারাবাহিকতা সংযুক্ত করেছে।

আমাদের স্কুল জুড়ে শিক্ষার্থীদের শেখায় উচ্চ পর্যায়ের কঠোর পরিশ্রম, আবেগ, এবং অঙ্গীকার দেখার সুযোগ পাওয়া আমাদের কাছে সত্যিই একটি চমৎকার উপহার। এই উদ্দীপনাময় শেখার পরিবেশের অংশ হতে পেরে আমরা অত্যন্ত ভাগ্যবান এবং P.S. 169 স্কুল কমিউনিটির অব্যাহত পেশাগত উন্নতিতে সহায়তা করতে পেরে আমরা সম্মানীত বোধ করছি। P.S. 169-এর প্রত্যেক স্টাফ সদস্যকে পেশাগত উন্নতিতে তাদের অব্যাহত অঙ্গীকারের জন্যে ধন্যবাদ। আপনি যদি শিক্ষানির্দেশনার নেতৃত্বদানকারী দল সম্পর্কে আরো জানতে চান, তবে জিজ্ঞেস করতে দ্বিধা করবেন না।

বিনীত,

*P.S. 169-এর শিক্ষানির্দেশনার নেতৃত্বদানকারী দল*

*P.S. 169Q*

*Bay Terrace School*

*18-25 212th Street*

*Bayside, NY 11360 718-428-6160*